ভোরের কাগজ

MAR. 22 2002

পৃষ্ঠা ... তারিখ ...

ভুয়া সার্টিফিকেট দিয়ে ২৫ বছর চাকরি

# হবিগঞ্জে বন কর্মকর্তার বিরুদ্ধে দুর্নীতি দমন ব্যুরোর মামলা

হবিগঞ্জ প্রতিনিধি : এসএসসি ও এইচএসসি পরীক্ষার জাল সার্টিফিকেট দিয়ে ২৫ বছর ধরে চাকুরি করার অভিযোগে চুনারুঘাট উপজেলার সাতছড়ির সহকারী রেঞ্জ কর্মকর্তার বিরুদ্ধে সিলেট জেলা দুর্নীতি দমন ব্যুরো একটি মামলা দায়ের করেছে। দুর্নীতি দমন ব্যুরো ও সিলেট বিভাগীয় বন কর্মকর্তা কর্তৃক উক্ত কর্মকর্তাকে তার সার্টিফিকেটের সত্যায়িত ফটোকপি নিয়ে হাজির হওয়ার জন্য বার বার পত্র দেওয়া সত্ত্বেও তিনি রহস্যজনক কারণে হাজির হননি। তাই সিলেট বিভাগীয় বন কর্মকর্তা আতিকুল আজম গত ১১ মার্চ ইস্যুকৃত এক পত্রে ১৭ মার্চ সার্টিফিকেটের ফটোকপি সত্যায়িত করে তাকে সিলেট অফিসে হাজির হওয়ার জন্য পুনরায় নির্দেশ প্রদান করেছেন।

উল্লেখ্য, সাতছড়ি সহকারী রেঞ্জ কর্মকর্তা ফরেস্টার তুজাম্মেল হক তরফদার ১৯৭৬ সালে বন প্রহরী পদে যোগদান করেন। তার এসএসসি ও এইচএসসির সার্টিফিকেট ভুয়া এই মর্মে ১৯৯৯ সালে সিলেট জেলা দুর্নীতি দমন ব্যুরোতে একটি অভিযোগ দায়ের করা হলে ২৮ অক্টোবর অত্র দপ্তরের পত্র নং ১৭৩১/ডিএবিতে উক্ত বন কর্মকর্তাকে একটি নোটিশ দেওয়া হয়। উক্ত নোটিশের কোনো জবাব না দেওয়ায় পরবর্তীকালে দুর্নীতি দমন ব্যুরো ও সিলেট বিভাগীয় বন কর্মকর্তার কার্যালয় থেকে তাকে মোট সাতটি পত্র দেওয়া হলেও রহস্যজনক কারণে তিনি এর কোনো উত্তর দেননি। ১৭ মার্চ হাজির না হলে তার বিরুদ্ধে একতরফা আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে বলে ডিএফও আতিকুল আজম পত্রে উল্লেখ করেছেন। উক্ত কর্মকর্তার বক্তব্য জানতে চাইলে তিনি ছুটিতে রয়েছেন বলে এক বনকর্মী জানিয়েছেন।